SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
SME FOUNDATION
মুজিব শতবর্ষ MUJIB 100
বর্ষ ১৩ । সংখ্যা ৪১ | জানুয়ারি-মার্চ ২০২৩

# সিলেট, বরিশাল, রাজশাহী ও দিনাজপুরে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩' আয়োজন



সিলেট বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করেন পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এমপি, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ



রাজশাহী বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন), এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানসহ অতিথিবৃন্দ



বরিশাল বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করেন পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

১০ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২২-এর সফল সমাপ্তির পর চলতি অর্থবছরে দেশে ৪টি 'বিভাগীয় এসএমই পণ্য মেলা' আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। জানুয়ারি-মার্চে সিলেট, বরিশাল, রাজশাহী ও দিনাজপুরে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩' আয়োজন করা হয়। ১৬ ফেব্রুয়ারি ২০২৩ সিলেট মোহাম্মদ আলী জিমনেসিয়ামে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এমপি। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার দেবজিৎ সিংহ, জেলা প্রশাসক মো. মজিবুর রহমান, মহানগর আওয়ামী লীগ সভাপতি মাসুক উদ্দিন আহমদ, এসএমই ফাউন্ডেশনের পরিচালক মানতাশা আহমেদ, সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি তাহমিন আহমদ এবং সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি স্বর্ণলতা রায়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার। ১৬-২২ ফেব্রুয়ারি ২০২৩ মেলার ৫২টি স্টলে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ তাঁদের উৎপাদিত শুধু দেশীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন।



দিনাজপুরে বিভাগীয় এসএমই পণ্য মেলা উদ্বোধন করছেন জাতীয় সংসদের হুইপ ইকবালুর রহিম এমপি, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

১২ জানুয়ারি ২০২৩ রাজশাহী সিটি মেয়র কার্যালয়ের গ্রীন প্লাজা চত্বরে বিভাগীয় এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন)। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মো. আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. আনিসুর রহমান, জেলা প্রশাসক আব্দুল জলিল এবং রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মাসুদুর রহমান রিংকু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার। মেলার ৬০টি স্টলে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত শুধু দেশীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন। ১৫ জানুয়ারি ২০২৩ মেলা প্রাঙ্গণে 'রাজশাহী বিভাগে এসএমই খাতের উন্নয়নে করণীয় ' সেমিনার অনুষ্ঠিত হয়। ১৭ জানুয়ারি ২০২৩ মেলা প্রাঙ্গণে 'এসএমই উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি বিষয়ে আলোচনা ও ব্যাংকারদের সাথে সংযোগ স্থাপন' কর্মশালা অনুষ্ঠিত হয়। ১৮ জানুয়ারি ২০২৩ রাজশাহী বিভাগীয় এসএমই পণ্য মেলার সমাপনী অনুষ্ঠান ও মেলায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে 'শ্রেষ্ঠ স্টল'-এর সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচলাক, এসএমই ফাউন্ডেশন।

০১ ফেব্রুয়ারি ২০২৩ বরিশাল বঙ্গবন্ধু উদ্যানে বিভাগীয় এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক এমপি। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য এনায়েত হোসেন চৌধুরী, বিভাগীয় কমিশনার মো. আমিন উল আহসান, বরিশাল রেঞ্জের ডিআইজি এস এম আক্তারুজ্জামান, মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. সাইফুল ইসলাম, বিপিএম (বার), জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর হোসেন এবং বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি সাইদুর রহমান রিন্টু। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। মেলার ৬০টি স্টলে ৬০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা তাদের উৎপাদিত শুধু দেশীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন।

০৭ মার্চ ২০২৩ দিনাজপুরের গোর-এ-শহীদ ময়দানে বিভাগীয় এসএমই পণ্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ ইকবালুর রহিম এমপি। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মো. আবু জাফর, দিনাজপুর জেলা প্রশাসক খালেদ মোহাম্মদ জাকী ও পুলিশ সুপার শাহ ইফতেখার আহমেদ এবং এসএমই ফাউন্ডেশনের পরিচালক মির্জা নূরুল গণী শোভন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক নাজিম হাসান সাত্তার। ০৭-১৩ মার্চ ২০২৩ মেলার ৬০টি স্টলে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণ তাঁদের উৎপাদিত শুধু দেশীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় করেন। ১১ মার্চ ২০২৩ মেলা প্রাঙ্গণে 'রংপুর বিভাগে এসএমই খাতের উন্নয়নে করণীয় এবং উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি বিষয়ে আলোচনা' অনুষ্ঠিত হয়। ১৩ মার্চ ২০২৩ মেলার সমাপনী অনুষ্ঠান ও মেলায় অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্য থেকে শ্রেষ্ঠ স্টল নির্বাচন করে পুরস্কার বিতরণ করা হয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। এছাড়া প্রতিদিন মেলা প্রাঙ্গণে ছিলো সাংস্কৃতিক অনুষ্ঠান। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভাগীয় কমিশনারের তত্ত্বাবধানে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩-এর সব কর্মসূচি বাস্তবায়ন করা হবে।




রাজশাহী বিভাগীয় এসএমই পণ্য মেলার সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদসহ অতিথিবৃন্দ

## নারী-উদ্যোক্তাদের জন্য অনলাইন ওয়ান স্টপ বিজনেস অ্যাডভাইজরি সার্ভিস সেন্টার ‘Onnessha’ উদ্বোধন



নারী-উদ্যোক্তাদের জন্য অনলাইন ওয়ান স্টপ বিজনেস অ্যাডভাইজরি সার্ভিস সেন্টার ‘onnessha’ উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

নারী-উদ্যোক্তাদের জন্য অনলাইন ওয়ান স্টপ বিজনেস অ্যাডভাইজরি সার্ভিস সেন্টার ‘Onnessha’ উদ্বোধন করেছে এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশন। ৩১ জানুয়ারি ২০২৩ এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক হাসিনা নেওয়াজ এবং কাজী ফয়সাল বিন সিরাজ, কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, দি এশিয়া ফাউন্ডেশন। সভাপতিত্ব করেন ড. মো. মফিজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন। এ উপলক্ষে আয়োজিত ‘Expanding Economic Opportunities for Women Entrepreneurs in Bangladesh’ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোহাম্মদ আবু ইউসুফ, অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে জানানো হয়, একজন নারী-উদ্যোক্তা www.onnessha.com এ লগইন করে ব্যবসা পরিচালনার ক্ষেত্রে যে কোন পরামর্শ ও সেবা সম্পর্কে তথ্য পেতে পারেন। ঢাকা, চট্টগ্রাম এবং সিলেট অঞ্চলে নারী-উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে যৌথভাবে ‘Expanding Economic Opportunities for Women Entrepreneurs in Bangladesh: One-Stop Business Advisory Services Platform’ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ১২ অক্টোবর ২০২২ এসএমই ফাউন্ডশেন এবং দি এশিয়া ফাউন্ডেশনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। পাইলট কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের পর এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশন এই কার্যক্রম বিশেষ করে ‘ওয়ান স্টপ বিজনেস অ্যাডভাইজরি সার্ভিসেস প্ল্যাটর্ফম’ এর সেবা দেশব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করবে।

## ‘Plastic Waste Recycling: Investment Prospects, Challenges and Way Forward’ সেমিনার



‘Plastic Waste Recycling: Investment Prospects, Challenges and Way Forward’ সেমিনারে এফবিসিসিআই সভাপতি মো. জসিম উদ্দিন, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

বর্তমানে দেশে প্লাস্টিক শিল্পের বাজার ৪০ হাজার কোটি টাকা। ০৪ জানুয়ারি ২০২৩ সিরডাপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)-এর উদ্যোগে ‘Plastic Waste Recycling: Investment Prospects, Challenges and Way Forward’ সেমিনারে এই তথ্য জানানো হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন মো. জসিম উদ্দিন, সভাপতি, এফবিসিসিআই। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. ইজাজ হোসেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি শামিম আহমেদ। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব সলিম উল্লাহ জানান, এই খাতের উন্নয়নে প্লাস্টিক শিল্প উন্নয়ন নীতিমালা তৈরি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শিগগিরই তা অনুমোদন করে ২০২৩ থেকে তা বাস্তবায়নের পরিকল্পনা করছে সরকার।

## ‘হাজারীবাগ এলাকায় লেদার প্রোডাক্ট ক্লাস্টারের সম্ভাবনা ও করণীয়’ সেমিনার



‘হাজারীবাগ এলাকায় লেদার প্রোডাক্ট ক্লাস্টারের সম্ভাবনা ও করণীয়’ সেমিনারে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদসহ অতিথিবৃন্দ

রাজধানীর হাজারীবাগে গড়ে উঠেছে বাহারী ও মানসম্পন্ন চামড়া পণ্যের ক্লাস্টার। এই ক্লাস্টারে বছরে লেনদেন হচ্ছে প্রায় ৬০ কোটি টাকা। ক্লাস্টারটির পণ্যের মানোন্নয়ন, বহুমুখীকরণ এবং উদ্যোক্তা-কর্মীর দক্ষতা উন্নয়নে সহায়তা করছে এসএমই ফাউন্ডেশন। ০৯ মার্চ ২০২৩ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে ‘হাজারীবাগ এলাকায় লেদার প্রোডাক্ট ক্লাস্টারের সম্ভাবনা ও করণীয়’ সেমিনারে এসব তথ্য জানানো হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিচালক পর্ষদ সদস্য মির্জা নূরুল গণী শোভন এবং বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হাফিজুর রহমান এবং হাজারীবাগ লেদার ক্র্যাফটস অ্যাসোসিয়েশনের সভাপতি তানিয়া ওয়াহাব।

এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান বলেন, পণ্যের মানোন্নয়নে প্রশিক্ষণসহ অনলাইনে ক্লাস্টার পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে ফাউন্ডেশন হাজারীবাগ ক্লাস্টারে অনলাইন-মার্কেটিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত জাতীয় ও আঞ্চলিক এসএমই পণ্য মেলায় ক্লাস্টারের উদ্যোক্তারা অংশগ্রহণ করে থাকেন। ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় চামড়াজাত পণ্যের উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ করা হচ্ছে।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, ২০২৬ সালের মধ্যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে বেরিয়ে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার পর ইউরোপীয় বাজারে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা নাও থাকতে পারে। এক্ষেত্রে তৈরি পোশাকের পাশাপাশি অথবা বিকল্প হিসাবে সম্ভাবনাময় খাত হতে পারে চামড়া শিল্প।

পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ বলেন, এখানকার ছোট চামড়া পণ্যের কারখানার পরিবেশ ছাড়পত্র প্রাপ্তি সহজ করার পাশাপাশি সাভারের ট্যানারি পল্লীর পাশে উদ্যোক্তাদের জায়গা বরাদ্দের চেষ্টা করছে সরকার।

## কক্সবাজারে শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



৩ মার্চ ২০২৩ কক্সবাজারের ঝিনুক শিল্প ক্লাস্টারের উন্নয়নে কার্যক্রম পরিচালনার সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের একটি প্রতিনিধি দল ক্লাস্টারটি পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। প্রতিনিধি দলে ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, পরিচালক মির্জা নুরুল গণী শোভন এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া। মৌলভীবাজারের আগর-আতর শিল্প ক্লাস্টারের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন ইতোমধ্যে নানাবিধ কর্মসূচি বাস্তবায়ন করেছে। সেই ধারাবাহিকতায় ৪ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের একটি প্রতিনিধি দল কক্সবাজারের চকরিয়ার ডুলাহাজারায় বন অধিদপ্তরের আগর বনায়ন প্রকল্প পরিদর্শন করে। ৪ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে কক্সবাজারের চকরিয়ার মৌলভীকুম বাজারের ফার্নিচার শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়।

# সমঝোতা স্মারক স্বাক্ষর

## এসএমই ফাউন্ডেশনের সাথে ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার-আইটিসি'র সমঝোতা স্মারক স্বাক্ষর



এসএমই ফাউন্ডেশনের সাথে ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার-আইটিসি'র সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

বাংলাদেশের নারী-উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন এবং নারী-উদ্যোক্তা সংগঠনকে শক্তিশালী করতে এসএমই ফাউন্ডেশনের কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করবে ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার-আইটিসি। ১৫ মার্চ ২০২৩ এক অনুষ্ঠানে বাংলাদেশকে 'হাব' হিসেবে ঘোষণা করে এসএমই ফাউন্ডেশনের সহায়তায় নারী-উদ্যোক্তাদের উন্নয়নে বিশেষ কর্মসূচি বাস্তবায়নের ঘোষণা দিয়েছে সংস্থাটি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, যুক্তরাজ্যের Foreign, Commonwealth and Development Office-এর উপ-উন্নয়ন পরিচালক Duncan Overfield এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি ও এসএমই ফাউন্ডেশনের পরিচালক মনোয়ারা হাকিম আলী। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং আইটিসি'র পক্ষে Director, Division of Sustainable and Inclusive Trade Ms. Fiona Shera সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে জানানো হয়, আইটিসি বর্তমানে এশিয়া, আফ্রিকা, ক্যারিবিয়ান ও ল্যাটিন আমেরিকার নারীদের উন্নয়নে কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশকে এই কার্যক্রমের 'হাব' হিসেবে যুক্ত করার অংশ হিসেবে সম্প্রতি মরিশাসে 'Creating Digital Assets for your Business' ToT কর্মসূচিতে অংশগ্রহণ করেছে বাংলাদেশের একটি প্রতিনিধিদল।

## 'শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন মডিউল সমৃদ্ধকরণ' সভা



১৬ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন মডিউল সমৃদ্ধকরণ' সভা আয়োজন করা হয়। সেশনে রিসোর্স পার্সন ছিলেন ডে-কেয়ার বিষয়ে একাডেমিক শিক্ষা রয়েছে এবং এই ব্যবসার সাথে দীর্ঘদিন কাজ করছেন এমন ৭জন উদ্যোক্তা। তাদের মধ্যে রয়েছেন আমিনা ইয়াসমিন, স্বত্ত্বাধিকারী, লে পেটিট কেয়ার লি., জিনিয়া করিম, স্বত্ত্বাধিকারী, রেইনবো ভ্যালি, সিদ্দিকাতুল হক, স্বত্ত্বাধিকারী, স্পর্শ, আতিকা মুনমুন, স্বত্ত্বাধিকারী, HAFS Day Care, সোনিয়া আকতার, স্বত্ত্বাধিকারী, আই এ্যাম মাদারলি। উপস্থিত ছিলেন মহিলা ও শিশু অধিদপ্তরের উপপরিচালক বেনুয়ারা, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন।

## এসএমই ফাউন্ডেশনের সাথে Truvalu.enterprises Limited (Truvalu)-এর সমঝোতা স্মারক স্বাক্ষর



সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

২৪ জানুয়ারি ২০২৩ ঢাকার গুলশানে এসএমই ফাউন্ডেশন এবং Truvalu.enterprises Limited (Truvalu)-এর মধ্যে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের স্বার্থে কাজ করার লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের বিনিয়োগ এবং পরামর্শ প্রদানের মাধ্যমে তাদের সম্ভাব্য সফলতার পথে এগিয়ে নিয়ে যাওয়া, অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের অংশীদার হিসেবে গড়ে তোলা এবং সর্বোপরি বাংলাদেশে একটি ইতিবাচক সামাজিক প্রভাব তৈরি করাই এই সমঝোতা স্মারকের উদ্দেশ্য। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং Truvalu.enterprise Limited (Truvalu) এর পক্ষে চেয়ারম্যান Jaap Jan Verboom সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সম্মানিত চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

## এসএমই ফাউন্ডেশনের সাথে আইডিয়া'র সমঝোতা স্মারক স্বাক্ষর



১৯ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং আইডিইবি ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড এন্টারপ্রেনার্স ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশন (আইডিয়া) -এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। সমঝোতা স্মারকের উদ্দেশ্য, এসএমই ফাউন্ডেশন এবং আইডিয়া'র পারস্পরিক সহযোগিতার মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের প্রযুক্তিগত পরামর্শমূলক সেবা সম্প্রসারণ এবং তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা। এছাড়া যৌথ উদ্যোগে নতুন উদ্যোক্তা সৃষ্টি করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান, ঋণের ব্যবস্থা করা, সরকার গৃহীত নীতি কৌশল বাস্তবায়নে সহায়তা, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনার মাধ্যমে স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা, চেম্বার, অ্যাসোসিয়েশন, বাণিজ্য সংগঠন, গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সংস্থা, বিশ্ববিদ্যালয় এবং পরামর্শক কোম্পানি ও পেশাজীবী সংগঠনের কার্যাবলী সম্পাদনে পরিকল্পনা, কর্মসূচি এবং অর্থায়নের মাধ্যমে সহায়তা প্রদান করা। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং আইডিয়া এর পক্ষে আইডিয়া'র সভাপতি ডি এম মজিবর রহমান সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

## 'Designing tool- Canva' সম্পর্কে TOT প্রদান



১৩ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং ITC She Trades Hub Bangladesh-এর উদ্যোগে নারী-উদ্যোক্তাদের ডিজিটাল অ্যাসেট সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের ৬জন কর্মকর্তাকে 'Designing tool-Canva' সম্পর্কে Training on Trainers প্রদান করেন Canva বিশেষজ্ঞ Arturo। ১৪ মার্চ ২০২৩ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ ঢাকার গুলশানে ৫৪জন নারী-উদ্যোক্তাকে 'Designing tool- Canva' সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করেন।

# ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় বাজেটে বিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের কাছে এসএমই ফাউন্ডেশনের ৫৬টি প্রস্তাবনা



এনবিআর চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিমের সভাপতিত্বে প্রাক-বাজেট সভায় এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে এসএমই-বান্ধব প্রস্তাবনা উপস্থাপন



২০২৩-২৪ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমই-বান্ধব প্রস্তাবনা তৈরির লক্ষ্যে যৌক্তিকীকরণ সভা

২০২৩-২৪ অর্থবছরের জাতীয় বাজেটে এসএমই-বান্ধব প্রস্তাবনা উপস্থাপনের লক্ষ্যে ৭ মার্চ ২০২৩ জাতীয় রাজস্ব ভবনের সম্মেলন কক্ষে প্রাক বাজেট সভায় অংশগ্রহণ করে এসএমই ফাউন্ডেশন। অভ্যন্তরীন সম্পদ বিভাগের সিনিয়র সচিব এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিমের সভাপতিত্বে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে এসএমই-বান্ধব প্রস্তাবনা উপস্থাপন করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। বিভিন্ন এসএমই অ্যাসোসিয়েশন, অংশীজন এবং উদ্যোক্তাদের কাছ থেকে পাওয়া প্রস্তাবনা ও সংশ্লিষ্ট আইন পর্যালোচনা করে কর সংক্রান্ত ২২টি, শুল্ক সংক্রান্ত ১৯টি এবং মূসক সংক্রান্ত ১৫টি প্রস্তাবনা উপস্থাপন করা হয়। সভায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্পের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কর, শুল্ক ও মূসক সংক্রান্ত মাঝারি শিল্পের সাথে বিদ্যমান বৈষম্য দূরীকরণ ও সমতা রক্ষায় নতুন SRO জারির সুপারিশ ও গুরুত্বারোপ করা হয়। এছাড়া ছোট উদ্যোক্তাদের মেলায় স্টল ভাড়ায় ভ্যাট অব্যাহতি, Preferential Tax Regime/Cluster ব্যবস্থা চালু, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের কর্পোরেট আয়কর বিদ্যমান ২২.৫%-এর পরিবর্তে মাইক্রো শিল্পে ১২% ও ক্ষুদ্র শিল্পে ১৫% করা, দেশে উৎপাদিত পণ্য বিক্রয় বা সরবরাহের ক্ষেত্রে অগ্রিম আয়কর বিদ্যমান ৭%-এর পরিবর্তে মাইক্রো ও ক্ষুদ্র শিল্পে ২% করা, বৈশ্বিক মূল্যস্ফীতি বিবেচনায় টার্নওভার সীমা বৃদ্ধি করাসহ এসএমই উদ্যোক্তা-বান্ধব বিভিন্ন প্রস্তাব তুলে ধরা হয়। সভায় এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এসএমই-বান্ধব বাজেট প্রস্তাবনার পক্ষে মতামত প্রদান করেন। উল্লেখ্য, এসএমই খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প বান্ধব কর-কাঠামো নির্ধারণ, ট্যারিফ ও মূল্য সংযোজন কর যৌক্তিকীকরণ, কর অবকাশ, আর্থিক প্রণোদনা, আইনি ও প্রশাসনিক প্রতিবন্ধকতা দূরীকরণের উদ্দেশ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রতি বছর সরকারের কাছে উপস্থাপন করে এসএমই ফাউন্ডেশন। এরই ধারাবাহিকতায় ১২ ও ১৬ ফেব্রুয়ারি ২০২৩ আগামী ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমই-বান্ধব সুনির্দিষ্ট প্রস্তাবনা ও সুপারিশ গ্রহণ এবং যৌক্তিকীকরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে দু'টি যৌক্তিকীকরণ সভা আয়োজন করা হয়।

# 'Additive Manufacturing: Application in SMEs' কর্মশালা




৩০-৩১ জানুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই)-এর কারিগরি সহযোগিতায় রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউশনে 'Additive Manufacturing: Application in SMEs' ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বাইশিমাস), বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিপিজিএমইএ) এবং বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্ডাইজ ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিইএমএমএ)-এর উদ্যোক্তা ও প্রতিনিধি, সেক্টর বিশেষজ্ঞ, অন্যান্য অংশীজনসহ ৪১জন কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় ৪র্থ শিল্প বিপ্লব ও উদীয়মান প্রযুক্তি, অ্যাডিটিভ ম্যানুফ্যাকচারিং বাস্তবায়নে অংশীজনের ভূমিকা ও প্রাথমিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ে উপস্থাপনা তুলে ধরে এটুআই।

# 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ




১৭-১৯ জানুয়ারি, ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'New Women Entrepreneurship Development Programs' কর্মসূচির আওতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শেষ বর্ষের শিক্ষার্থী বাংলাদেশ গার্লস গাইড অ্যাসোসিয়েশনের ৩০জন নারী সদস্যের অংশগ্রহণে 'এসো উদ্যোক্তা হই' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সেলিমা আহমাদ এমপি। অনুষ্ঠানে ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য ড. মনোয়ারা হাকিম আলী, মানতাশা আহমেদ এবং মির্জা নূরুল গণী শোভন তাঁদের ব্যবসায়িক পথ পরিক্রমার চ্যালেঞ্জ ও সাফল্য গাঁথা শোনান। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান।



১৬ জানুয়ারি ২০২৩ ঢাকা মহিলা পলিটেকনিকাল ইন্সটিটিউটে 'এসো উদ্যোক্তা হই' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় সফল ৪জন নারী-উদ্যোক্তা-কোহিনূর ইয়াসমিন, স্বত্ত্বাধীকারী, তরঙ্গ, আছিয়া নীলা, সিইও, উইমেন ইন ডিজিটাল, ইসমাত বীণা, স্বত্ত্বাধীকারী, ডট সেন্স এবং আবিদা সুলতানা স্বত্ত্বাধীকারী, ব্রাইডাল ক্রিয়েশন অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য প্রদান করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, বিশেষ অতিথি ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সভাপতিত্ব করেন ঢাকা মহিলা পলিটেকনিকাল ইন্সটিটিউটের ভাইস প্রিন্সিপাল মো. খোরশেদ আলম।

২৬-২৮ ফেব্রুয়ারি ২০২৩ যশোরে ৩০জন নারীর অংশগ্রহণে 'এসো উদ্যোক্তা হই' কর্মশালা আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং মো. আব্দুল মজিদ, নির্বাহী পরিচালক, নবযুগ সংস্থা।

১২-১৪ ফেব্রুয়ারি ২০২৩ টাঙ্গাইলে ৩০জন নারীর অংশগ্রহণে 'এসো উদ্যোক্তা হই' কর্মশালা আয়োজন করা হয়।

# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উদযাপন

## আলোচনা সভা ও দোয়া মাহফিল

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মুক্তিযুদ্ধের সকল বীর শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে এ উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের পুরস্কার বিতরণ করা হয়।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মুক্তিযুদ্ধের সকল বীর শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল

## শ্রদ্ধা নিবেদন



২৬ মার্চ ২০২৩ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে শিল্প মন্ত্রণালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে এসএমই ফাউন্ডেশনের শ্রদ্ধা নিবেদন। শ্রদ্ধা নিবেদন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ।



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৩ শিল্প মন্ত্রণালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এবং উপব্যবস্থাপক অসীম কুমার হালদার।

## 'খাদ্য পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তি' কর্মশালা



১৫-১৬ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'খাদ্য পণ্য উৎপাদনে আধুনিক প্রযুক্তি' ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। কর্মশালায় খাদ্য উৎপাদনে ব্যবহৃত মেশিন প্রস্তুতকারী এবং আমদানিকারক ২টি প্রতিষ্ঠান জানি ট্রেডিং অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, উত্তরা এবং ইমটেক্স প্যাকেজিং, ডেমরা সরেজমিন পরিদর্শন করে মেশিন পরিচিতি, পরিচালনা, রক্ষণাবেক্ষণ,ট্রাবলশুটিং সম্পর্কে ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। এছাড়া ৪টি কারখানা- সেফ ট্রেডিং কর্পোরেশন, সেলিনা বেকারি, সেঞ্চুরি ফুডস এবং ফারহান অ্যাগ্রো পরিদর্শন করে ব্যবহৃত মেশিনারিজ-এর প্রয়োজনীয়তা ও যথাযথ ব্যবহার বিষয়ে ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। কর্মশালায় অংশগ্রহণের ফলে উদ্যোক্তাগণ পণ্য উৎপাদনে আধুনিক মেশিন পরিচিতি, ব্যবহারের প্রয়োজনীয়তা, সুবিধা, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ট্রাবলশুটিং ইত্যাদি বিষয়ে জানতে পারেন এবং ব্যবসার মূল ধারায় আসতে অনুপ্রাণিত হন। কর্মশালায় ২৩জন খাদ্য পণ্য উৎপাদনকারী ও নতুন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'Financial Readiness for Women Entrepreneurs' প্রশিক্ষণ

২০ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের জন্য অর্থনৈতিক সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকায় 'Financial Readiness for Women Entrepreneurs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল হোসাইন।

২১ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের জন্য অর্থনৈতিক সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সিলেটে 'Financial Literacy for Women Entrepreneurs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন সিলেট উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্টাস্ট্রি'র সভাপতি স্বর্ণলতা রায় এবং এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন ব্যাংক এশিয়ার লালদিঘীরপাড়, সিলেট শাখার ব্যবস্থাপক রাজ নারায়ণ সেন টিটু এবং ব্র্যাক ব্যাংকের সিলেট শাখার টেরিটোরি ম্যানেজার মো. সেলিম। প্রশিক্ষণে আর্থিক পরিকল্পনা, বিনিয়োগ ও মূলধন, ব্যাংক ঋণের জন্য বুক কিপিং-এর গুরুত্ব, ডকুমেন্টেশন ও প্রয়োজনীয় দলিলাদি, অর্থনীতিতে এসএমই'দের জন্য ফাইন্যান্সিয়াল সার্ভিসের স্বল্পতা, এসএমই'দের অবস্থান ও ব্যাংকিং সেবা, নারী-উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের বিশেষ নির্দেশনাসমূহ ও ব্যাংকের উদ্যোগ, ঋণ গ্রহণের আবশ্যক যোগ্যতা ও নথিপত্র, ব্যবসায়িক ঋণ গ্রহণের পূর্বে প্রস্তুতির বিষয়সমূহ, ব্যবসায়িক ঋণ গ্রহণের পর করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

## যশোরে 'ঐতিহ্যবাহী নকশিকাঁথার উন্নয়ন ও বাজারসংযোগ' প্রশিক্ষণ

২৩-২৭ জানুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোরে 'ঐতিহ্যবাহী নকশিকাঁথার উন্নয়ন ও বাজারসংযোগ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন। উল্লেখ্য, নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার-সংযোগের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২৩ আয়োজনের পরিকল্পনা করছে ফাউন্ডেশন। পণ্যের মানোন্নয়ন ও আধুনিকায়নের জন্য এ বছর পাট ও পাটজাত পণ্য, হ্যান্ডিক্রাফট পণ্য এবং নকশিকাঁথাকে নির্বাচন করা হয়েছে। এসব পণ্যের মানোন্নয়ন ও আধুনিকায়নের পর বাণিজ্যিক ক্রেতাদের নিকট প্রদর্শন করা হবে ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২৩-এ। এরই অংশ হিসেবে যশোরের ঐতিহ্যবাহী নকশিকাঁথার উন্নয়ন ও আধুনিকায়নের লক্ষ্যে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

## 'Financial Literacy' প্রশিক্ষণ

০৪-০৬ মার্চ ২০২৩ নারী-উদ্যোক্তা উন্নয়ন এবং তাঁদের আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং আইডিএলসি ফাইন্যান্সের উদ্যোগে 'Financial Literacy' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম ও আইডিএলসি ফাইন্যান্সের ব্যবস্থাপক এবং যশোর, খুলনা, কুষ্টিয়া ক্লাস্টার হেড সাইফুর রহমান উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

## রাঙ্গামাটি তাঁত শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



২২ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাঙ্গামাটির তাঁত শিল্প পরিদর্শন ও মতবিনিময় সভা আয়োজন করা হয়। প্রতিনিধি দলে ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া। প্রতিনিধি দল রাঙ্গামাটি তাঁত শিল্প ক্লাস্টারের কোমর তাঁত ও হস্তচালিত তাঁত পরিদর্শন করেন। মতবিনিময়কালে উদ্যোক্তাগণ ক্লাস্টারের শক্তি, দূর্বলতা ও সুবিধা-অসুবিধার কথা তুলে ধরেন এবং রাঙ্গামাটির কোমর তাঁত শিল্প ক্লাস্টারের উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের সহায়তা কামনা করেন।

## সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টারে আনুষ্ঠানিক ব্যাংকিং-এ উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা



২১ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার সাভারের সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের আনুষ্ঠানিক ব্যাংকিং-এ উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা আয়োজন করা হয়। বরাইদ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা গাজী মোহাম্মদ আব্দুল হাই-এর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, ব্র্যাক ব্যাংকের টেরিটোরি ম্যানেজার জাহিদুল ইসলাম, ইউনিট ইন চার্জ তারিকুল ইসলাম এবং ডিজিটাল পল্লীর উদ্যোক্তাগণ।

## পিরোজপুরের বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারে যশোরের উদ্যোক্তাদের এক্সপোজার ভিজিট



২১ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে যশোরের নরেন্দ্রপুর ক্রিকেট ব্যাট ক্লাস্টারের উদ্যোক্তাদের নিয়ে পিরোজপুরের বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারে এক্সপোজার ভিজিট আয়োজন করা হয়। পরিদর্শন শেষে উদ্যোক্তাদের আনুষ্ঠানিক ব্যাংকিং-এ উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক অসীম কুমার হালদার, ব্র্যাক ব্যাংকের বরিশাল বিভাগের টেরিটরি ম্যানেজার মো. মাহবুবুল ইসলাম এবং স্বরূপকাঠি শাখার সিনিয়র অফিসার মো. মেহেদী হাসান।  এসময় যশোরের উদ্যোক্তারা বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টারের বিভিন্ন কারখানা ও শোরুম পরিদর্শন করেন।

## তাঁত শিল্প ক্লাস্টারের পণ্য প্রদর্শন, ম্যাচমেকিং, উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা



৬ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে তাঁত শিল্প ক্লাস্টারের পণ্য প্রদর্শন, ম্যাচমেকিং এবং ক্লাস্টারের উন্নয়নে করণীয় নির্ধারণ করতে উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের পরিচালক মির্জা নূরুল গণী শোভন। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, শ্রীমঙ্গলের মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টার, সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টার, নারায়ণগঞ্জের জামদানী শিল্প ক্লাস্টার, নরসিংদীর টেক্সটাইল মিল ক্লাস্টার, টাঙ্গাইলের বল্লা হ্যান্ডলুম ক্লাস্টার, মানিকগঞ্জের সাটুরিয়া তাঁত শিল্প ক্লাস্টার, ঢাকার মিরপুর বেনারসি ক্লাস্টার, রাঙ্গামাটির তাঁত শিল্প ক্লাস্টার, সাতক্ষীরা নলতা ক্লাস্টার এবং কুষ্টিয়ার কুমারখালী টেক্সটাইল মিল ক্লাস্টারের ২৩জন প্রতিনিধি এবং নিপুণ, সাদাকালো, কে ক্র্যাফট, অঞ্জন'স, রঙ বাংলাদেশ এবং বিবিয়ানার স্বত্বাধিকারী ও ডিজাইনার যথাক্রমে আশরাফুর রহমান, আজহারুল হক আজাদ, খালিদ মাহমুদ খান, শাহীন আহমেদ, সৌমিক দাস এবং লিপি খন্দকার। সভায় তাঁত শিল্প ক্লাস্টারের প্রায় ৬০টি পণ্য প্রদর্শন করা হয়।

## রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে সিএফসি স্থাপনের কাজ পরিদর্শন

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের কাজ চলমান রয়েছে। ১৬ ফেব্রুয়ারি ২০২৩ সিএফসি মেশিনের ইলেক্ট্রিক্যাল লাইনিং ও ফ্লোর ডিজাইনের লক্ষ্যে ফাউন্ডেশনের একটি কারিগরি দল ক্লাস্টারটি পরিদর্শন করে। প্রতিনিধি দলে ছিলেন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর নির্বাহী প্রকৌশলী সায়েদ আব্দুল বাকী ও ট্রু ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েটস-এর স্বত্বাধিকারী মোহাম্মদ আবুল হাসনাত ও টেকনিক্যাল ডিরেক্টর, ইএইচএম শাহান এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান।

## পটুয়াখালীর মৃৎশিল্প ক্লাস্টারে পিরোজপুরের উদ্যোক্তাদের এক্সপোজার ভিজিট



১৬ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পিরোজপুর মৃৎশিল্প ক্লাস্টার উদ্যোক্তাদের নিয়ে পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে এক্সপোজার ভিজিট কর্মসূচি আয়োজন করা হয়। পাশাপাশি বাউফল মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের 'আনুষ্ঠানিক ব্যাংকিং-এ উদ্বুদ্ধকরণে মতবিনিময় সভা আয়োজন করা হয়। বাউফল মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের আনুষ্ঠানিক ব্যাংকিং-এ উদ্বুদ্ধকরণ ও পরামর্শ প্রদান করেন ব্র্যাক ব্যাংকের বাউফল শাখার রিলেশনশিপ ম্যানেজার বাসুদেব পাল। সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া ও সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ, বাউফল ক্লাস্টারের প্রবীণ উদ্যোক্তা বিশ্বেশ্বর পাল, বরুণ পাল, কমল পালসহ পিরোজপুর ক্লাস্টারের উদ্যোক্তাগণ।

# এসএমই ফাউন্ডেশনের আইসিটি দক্ষতা উন্নয়ন কার্যক্রম

এসএমই ফাউন্ডেশনের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) উইং উদ্যোক্তাদের ব্যবসা ডিজিটাল ট্রান্সফরমেশনে দেশব্যাপী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। ফাউন্ডেশনের সহায়তায় উদ্যোক্তাগণ অনলাইন ব্যবসা পরিচালনা দক্ষ হয়ে সহজেই ব্যবসার প্রসার ঘটাতে পারছেন। সেই ধারাবাহিকতায় আইসিটি উইং জানুয়ারি-মার্চ ২০২৩-এ দেশের ১১ জেলায় প্রায় ৫০০জন উদ্যোক্তাকে ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে। উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো:

## ‘এসএমই ট্রেডবডি’র আইসিটি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি’ কর্মশালা



এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, চেম্বারের আইসিটি দক্ষতা উন্নয়নে সচেতনতামূলক কর্মশালা, ওয়েবসাইট তৈরি, প্রশিক্ষণসহ নানা কার্যক্রম পরিচালনা করা হয়। ফাউন্ডেশনের তথ্যপ্রযুক্তিগত সেবা ট্রেডবডিসমূহকে অবহিতকরণ, সেবার উন্নয়ন ও তাদের চাহিদা নিরূপণের লক্ষ্যে ২৫ জানুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ‘এসএমই সংশ্লিষ্ট ট্রেডবডি/অ্যাসোসিয়েশনের আইসিটি দক্ষতা বৃদ্ধিতে করণীয়’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন মহাব্যবস্থাপক ফারজানা খান। কর্মশালা সঞ্চালনা করেন সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। কর্মশালায় এসএমই সংশ্লিষ্ট ৮টি অ্যাসোসিয়েশনের প্রতিনিধি অংশগ্রহণ করেন। কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের আইসিটি বিষয়ক কার্যক্রমের তথ্য, ভবিষ্যৎ পরিকল্পনা ও ট্রেড বডিসমূহে আইসিটি ব্যবহারের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। সেই ধারাবহিকতায় ঢাকা, সিলেট ও কিশোরগঞ্জে ৩টি কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে অ্যাসোসিয়েশনের অফিস ব্যবস্থাপনায় আইসিটি টুলস ব্যবহার, উদ্যোক্তাদের ব্যবসা অনলাইনে অন্তর্ভুক্তকরণের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এসব কর্মশালা উদ্যোক্তাদের ব্যবসা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

## ‘ফ্রিল্যান্সিং হতে উদ্যোক্তা’ প্রশিক্ষণ




১২-১৬ মার্চ ২০২৩ ঢাকায় বেকারত্ব দূরীকরণে ফ্রিল্যান্সার তৈরি ও উদ্যোক্তা উন্নয়নে ‘ফ্রিল্যান্সিং হতে উদ্যোক্তা’ প্রশিক্ষণ আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। প্রশিক্ষণে ফ্রিল্যান্সিং পরিচিতি, প্রোফাইল তৈরি, গ্রাফিক্স ডিজাইন, ওয়েবসাইট ডিজাইন, কন্টেন রাইটিং এবং সোশ্যাল মিডিয়া বিষয়ে আলোচনা ও ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ‘আইটি প্রতিষ্ঠানের সাথে এসএমই উদ্যোক্তাদের সংযোগ স্থাপন’ কর্মশালা

এসএমই উদ্যোক্তাদের পক্ষ থেকে প্রয়োজনীয় ডিজিটাল সেবা প্রাপ্তির নির্ভরযোগ্য প্রতিষ্ঠানের তথ্যর জন্য ফাউন্ডেশনে অনুরোধের প্রেক্ষিতে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে অটোমেশন করার লক্ষ্যে সফটওয়্যার কোম্পানির সাথে উদ্যোক্তাদের সংযোগ স্থাপনে ১৬ জানুয়ারি এবং ২৮ মার্চ ২০২৩ ঢাকায় ২টি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ব্যবসা পরিচালনায় বিভিন্ন সফটওয়্যারের প্রয়োজনীয়তা ও ব্যবহারের বিভিন্ন দিক উপস্থাপন করা হয়। এসএমই উদ্যোক্তাদের নিকট ডিজিটাল সেবা বিষয়ক উপস্থাপনার জন্য বেসিস সদস্য প্রতিষ্ঠান হতে বাছাইকৃত আইটি প্রতিষ্ঠানের তালিকা ও সেবার নাম প্রদান করেছে। আইটি কোম্পানিসমূহ নির্দিষ্ট সময় পর্যন্ত তাদের সেবা বিনামূল্যে আগ্রহী উদ্যোক্তাদের প্রদান করবে।

## ‘আইসিটি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি’ প্রশিক্ষণ




এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের ব্যবসা অনলাইন প্ল্যাটফর্মে প্রসারে এবং ডিজিটাল ব্যবসায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে দেশব্যাপী বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এসব প্রশিক্ষণের মধ্যে ডিজিটাল মার্কেটিং, স্যোশাল মিডিয়া মার্কেটিং উল্লেখযোগ্য। প্রশিক্ষণে উদ্যোক্তাদের বিভিন্ন ডিজিটাল টুলস সম্পর্কে ব্যবহারিক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হয়। জানুয়ারি-মার্চ ২০২৩ এ ফাউন্ডেশন আইসিটি বিষয়ে নিম্নোক্ত প্রশিক্ষণসমূহ আয়োজন করে:

| প্রশিক্ষণের নাম | সহযোগী প্রতিষ্ঠান | ভেন্যু | তারিখ |
|---|---|---|---|
| ই-কমার্স ফর এসএমইস | - | ঢাকা | ১৫-১৬ জানুয়ারি |
| ডিজিটাল মার্কেটিং ফর এসএমই প্রোডাক্টস | জেলা প্রশাসন | কুষ্টিয়া | ২৫-২৬ জানুয়ারি |
| স্যোশাল কমার্স ফর এসএমইস | জেলা প্রশাসন | শরীয়তপুর | ২৫-২৬ জানুয়ারি |
| ই-কমার্স ফর এসএমইস | - | ঢাকা | ২২-২৩ ফেব্রুয়ারি |
| ডিজিটাল মার্কেটিং ফর এসএমই প্রোডাক্টস | জেলা প্রশাসন | চুয়াডাঙ্গা | ২২-২৩ ফেব্রুয়ারি |
| স্যোশাল কমার্স ফর এসএমইস | কুড়িগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | কুড়িগ্রাম | ২৭-২৮ ফেব্রুয়ারি |
| ডিজিটাল মার্কেটিং ফর এসএমই প্রোডাক্টস | - | ঢাকা | ২০-২১ মার্চ |
| স্যোশাল কমার্স ফর এসএমইস | - | ঢাকা | ২৮-২৯ মার্চ |

## ‘ব্যবসায় ডিজিটাল রূপান্তর’ কর্মশালা

নতুন উদ্যোগ তৈরি ও বর্তমান ব্যবসা টিকে থাকার লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তি বিষয়ে ১৯-২০ ফেব্রুয়ারি ২০২৩ ঠাকুরগাঁও ও রাঙামাটিতে ডিজিটাল টুলস ব্যবহারের মাধ্যমে এসএমই ব্যবসায় বৈচিত্র্যকরণ এবং ডিজিটাল উদ্যোক্তা তৈরির বিষয়ে সচেতনতামূলক কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় উদ্যোক্তাদের ব্যবসায় ডিজিটাল ট্রান্সফরমেশনে বিভিন্ন টুলস ব্যবহারের বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া দেশের জনপ্রিয় ডিজিটাল ব্যবসায়িক উদ্যোগসমূহের তথ্য উদ্যোক্তাদের নিকট উপস্থাপন করা হয় ফলে উদ্যোক্তারা নতুন ব্যবসায়িক উদ্যোগ বিষয়ে ধারণা লাভ করে।

## এসএমই ক্লাস্টারের আইসিটি ব্যবহারে সহায়তা

এসএমই ফাউন্ডেশন সারা দেশের ১৭৭টি সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টার চিহ্নিত করে এসব এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের পণ্য অনলাইন প্ল্যাটফর্মে বিপণনে নানা কর্মসূচি বাস্তবায়ন করছে। তার অংশ হিসেবে ফাউন্ডেশন শ্রীমঙ্গল, পটুয়াখালী, জামালপুর, মানিকগঞ্জ, রাজশাহীর বিভিন্ন ক্লাস্টারে ২ দিনব্যাপী কর্মশালা আয়োজন করে। কর্মশালায় উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারের সুবিধা, পণ্য আপলোড করা, পণ্যের ফটোগ্রাফি বিষয়ে উদ্যোক্তাদের প্রাথমিক ধারণা প্রদান করা হয়। এছাড়া উদ্যোক্তাদের সংশ্লিষ্ট বিষয়ে রিসোর্স পার্সনদের সাথে নেটওয়ার্কিং করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের পণ্য বিপণনে ফেসবুক পেইজ তৈরি করে দেয়া হয়, যার মাধ্যমে উদ্যোক্তাদের পণ্য বিশ্বব্যাপী প্রসার লাভ করবে। ফেসবুক পেইজসমূহের লিংক:

| | |
|---|---|
| মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টার, শ্রীমঙ্গল | www.facebook.com/monipuritatshilpo |
| জামালপুর নকশীকাঁথা ক্লাস্টার, জামালপুর | www.facebook.com/jamalpurnakshibd |
| ঘিওর বাঁশ-বেত ক্লাস্টার, মানিকগঞ্জ | www.facebook.com/ghiorbashbet |
| বাউফল মৃৎশিল্প ক্লাস্টার, পটুয়াখালী | www.facebook.com/bauphal.cluster |
| কালুহাটি পাদুকা ক্লাস্টার, রাজশাহী | www.facebook.com/kaluhaticluster |

## ‘ফ্যাক্টরিং ফাইন্যান্স বিষয়ে কর্পোরেট প্রতিষ্ঠান, ফাইন্যান্সার ও সাপ্লায়ার ম্যাচমেকিং সভা




১৫ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও থিংকবিগ সলিউশনস (ট্রেডেক্স)-এর উদ্যোগে এসএমই উদ্যোক্তাদের ফ্যাক্টরিং ফাইন্যান্স-এর আওতায় অর্থায়ন এবং কর্পোরেট প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে ম্যাচমেকিং ও মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় জানানো হয়, রিসিভেবল বিলের বিপরীতে এসএমই উদ্যোক্তাদের ডিসকাউন্টিং সুবিধা সম্পর্কে কর্পোরেট প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পাশাপাশি উদ্যোক্তাদের সচেতন করতে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং থিংকবিগ সলিউশন (ট্রেডেক্স)। এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বাপা’র প্রশাসক (যুগ্মসচিব) জিন্নাত রেহানা এবং থিংকবিগ সলিউশনস (ট্রেডেক্স অনলাইন)-এর ব্যবস্থাপনা পরিচালক ড. এম মাসরুর রিয়াজ। অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার এবং মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

## সিলেট ও রাজশাহীতে ‘এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও ঋণ সংযোগকরণ’ সভা




১৭ জানুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধানে রাজশাহীতে বিভাগীয় এসএমই পণ্য মেলায় অংশগ্রহণকারী ‘এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও ঋণ সংযোগকরণ’ সভা আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জগন্নাথ চন্দ্র ঘোষ।

২০ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধানে আয়োজিত সিলেট বিভাগীয় এসএমই পণ্য মেলা’র অংশ হিসেবে ‘এসএমই উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় ও ঋণ সংযোগকরণ’ সভা আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের পরিচালক মো. আমিনুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি ব্যাংকের উপমহাব্যবস্থাপক শরীফ মো. তাহাওয়ার হোসাইন, বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. সাইফুল আলম, সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সিনিয়র সহ-সভাপতি মো. ফালাহ উদ্দিন আলী আহমদ এবং নাসিব, সিলেট শাখা সভাপতি আলীমুল এহছান চৌধুরী। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা।

## দিনাজপুরে ‘রংপুর বিভাগে এসএমই খাতের উন্নয়নে করণীয় ও ঋণ প্রাপ্তি’ সেমিনার

১১ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধানে দিনাজপুরে আয়োজিত বিভাগীয় এসএমই পণ্য মেলা’র অংশ হিসেবে ‘রংপুর বিভাগে এসএমই খাতের উন্নয়নে করণীয় ও ঋণ প্রাপ্তি’ সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে উপস্থিত ছিলেন দিনাজপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) দেবাশীষ চৌধুরী, অতিরিক্ত পুলিশ সুপার মো. মমিনুল করিম, বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মো. মনজুর রহমান, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের উপমহাব্যবস্থাপক মো. সাখাওয়াত হোসাইন এবং নাসিব দিনাজপুর শাখা’র সভাপতি মো. মতিউর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। বিভিন্ন ব্যাংক কর্মকর্তা ও আগ্রহী উদ্যোক্তাগণ সেমিনারে অংশগ্রহণ করেন।

## এসএমই চেম্বার/অ্যাসোসিয়েশনের সদস্য উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ বিতরণের লক্ষ্যে মতবিনিময় সভা




এসএমই সংশ্লিষ্ট চেম্বার ও অ্যাসোসিয়েশনের সদস্য উদ্যোক্তাদের ঋণ কর্মসূচির আওতায় আনার লক্ষ্যে ২৩ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ব্যাংক ও অ্যাসোসিয়েশনকে সম্পৃক্ত করে ‘অ্যাসোসিয়েশন বেইজড ক্রেডিট ডিসবার্সমেন্ট প্রোগ্রাম (ABCD Program)’ মতবিনিময় সভার আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সভায় ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার উপস্থিত ছিলেন। সভায় কর্মসূচি সম্পর্কে ধারণাপত্র উপস্থাপন করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা। সভায় ফাউন্ডেশনের অংশীদার ব্যাংক ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের মতামত গ্রহণ করা হয়।

## ‘সিএফসি থেকে ঋণ প্রাপ্তির আবেদন কৌশল’ কর্মশালা




ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের আর্থিক উন্নয়ন ও পরিবেশবান্ধব উৎপাদন নিশ্চিতকরণের মাধ্যমে সক্ষমতা এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে The Common Fund for commodities (CFC)। ০৯ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে Commodity Sector-এর উন্নয়নে CFC প্রদত্ত আর্থিক সহযোগিতা গ্রহণ নিশ্চিতকল্পে সরকারি অংশীজন, অ্যাসোসিয়েশন ও সম্ভাব্য এসএমই উদ্যোক্তাদের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে কর্মশালায় অতিথি ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব শায়লা ইয়াসমিন। স্বাগত বক্তব্য প্রদান করেন বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব আশরাফুর রহমান এবং ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। কর্মশালায় CFC ফান্ড বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এবং CFC-এর ঋণ প্রাপ্তির আবেদন কৌশল ও প্রয়োজনীয় তথ্যাদি সম্পর্কিত সেশন উপস্থাপন করেন ক্লাসিক্যাল হ্যান্ডমেইড প্রডাক্টস বিডি-এর ব্যবস্থাপনা পরিচালক মো. তৌহিদ বিন আব্দুস সালাম। এছাড়া কর্মশালায় শিল্প মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিজনেস প্রমোশন কাউন্সিল এবং বিএফটিআই-এর প্রতিনিধি তাঁদের মতামত প্রদান করেন।

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভা

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ছাড়কৃত তহবিল দ্বারা গঠিত ‘রিভলভিং তহবিল’ থেকে ঋণ বিতরণ ত্বরান্বিতকরণ ও তহবিলের কার্যকর ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় কর্মকৌশল নির্ধারণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ ফাউন্ডেশনের বর্তমান ও সম্ভাবনাময় অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই বিভাগের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তারের সভাপতিত্বে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং ফাউন্ডেশনের ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস উইংয়ের কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।

## ‘Green SMEs for Sustainable Economic Development’ কর্মশালা



গ্রিন শিল্প প্রতিষ্ঠায় এসএমইদের উৎসাহ প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘Green SMEs for Sustainable Economic Development’ শীর্ষক একটি গবেষণা পরিচালনা করা হয়। ২৬ জানুয়ারি ২০২৩ উক্ত গবেষণার ফলাফল অংশীজনদের অবহিতকরণ ও ভ্যালিডেশনের উদ্দেশ্যে এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুবর্ণ বড়ুয়া। কর্মশালায় এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তর, অ্যাসোসিয়েশন, চেম্বার প্রতিনিধি, গবেষক এবং একাডেমিশিয়ান অংশগ্রহণ করেন। উল্লেখ্য, এসএমই নীতিমালা ২০১৯-এর কৌশলগত লক্ষ্য-১০ এর অনুচ্ছেদ ৪.১০.৩.১-এ গ্রিন এসএমই ধারণা প্রতিষ্ঠার জন্য পলিসি অ্যাডভোকেসি করা এবং গ্রিন এসএমই ও জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন সক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠায় উৎসাহিতকরণের কথা বলা হয়েছে। এই কাজ বাস্তবায়নের প্রধান দায়িত্বে রয়েছে এসএমই ফাউন্ডেশন। আন্তর্জাতিক বাজারে এসএমই পণ্য রপ্তানিতে আইএসও এর মতো গ্রিন পণ্যের চাহিদা বৃদ্ধির সম্ভাব্যতা বিবেচনা করে এ দেশের এসএমই উদ্যোক্তারা যাতে পিছিয়ে না পড়ে সেজন্য উদ্যোক্তাদের গ্রিন এসএমই সম্পর্কিত ধারণা প্রদান করা প্রয়োজন। বাংলাদেশের জিডিপিতে এসএমই খাতের অবদান ২৫% থেকে ২০২৪ সালের মধ্যে ৩২%-এ উন্নীত করার ক্ষেত্রে এবং এসএমই পণ্য রপ্তানি বৃদ্ধিতে গ্রিন এসএমই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে জাতীয় এসএমই টাস্কফোর্স-এর ২য় সভায় এসএমইদের জন্য গ্রিন অ্যাকশন প্ল্যান গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এই গবেষণার উদ্দেশ্য, বাংলাদেশে এসএমইদের পণ্য ও সেবা উৎপাদন পর্যায়ে গ্রিন অনুশীলনের বর্তমান অবস্থা মূল্যায়ন এবং এসএমইদের গ্রিন করার সুযোগ, বাংলাদেশে গ্রিন এসএমই ধারণা বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশলসমূহ অনুসন্ধান করা। এছাড়া এ গবেষণার মাধ্যমে আর্থিক ও পরিবেশগত সমস্যা বিবেচনায় নিয়ে বাংলাদেশে গ্রিন এসএমই ধারণা বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং সুযোগসমূহ অনুসন্ধান করা হবে।

## ‘আধুনিক হিট ও সার্ফেস ট্রিটমেন্ট’ কর্মশালা



২৫-২৬ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বিটাক, চট্টগ্রামে ‘আধুনিক হিট ও সারফেস ট্রিটমেন্ট’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিটাক, চট্টগ্রামের অতিরিক্ত পরিচালক পবিত্র কুমার কবিরাজ। হিট ও সারফেস ট্রিটমেন্ট, এর উপকারিতা, শ্রেণিবিভাগ, লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য উৎপাদনে এর ব্যবহার, সংশ্লিষ্ট মেশিনারি, উপকরণ ও সরঞ্জাম, মেটাল কম্পোজিশন ও এর সম্পর্ক, ফারনেস পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা, মাইক্রো-স্ট্রাকচার পর্যবেক্ষণ বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বাইশিমাস), চট্টগ্রামের ২৩জন উদ্যোক্তা ও প্রতিনিধি কর্মশালায় অংশগ্রহণ করেন।

## বরগুনায় ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ প্রশিক্ষণ



১৪-১৬ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাইন্ডেশনের উদ্যোগে বরগুনা জেলা বেকারি মালিক সমিতির উদ্যোক্তা/প্রতিনিধিদের অংশগ্রহণে ‘বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরগুনা সদর উপজেলা চেয়ারম্যান এবং বরগুনা বেকারি মালিক সমিতির সভাপতি মো মনিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তা মোহাম্মদ বশির আহম্মেদ, জনাব বিপুল বিশ্বাস, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. খালেক। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন বিএসটিআই-এর সহকারী পরিচালক মো. জিয়াউল হক এবং নিরাপদ খাদ্য বিশেষজ্ঞ মো. মনোয়ার হোসেন, দায়িত্ব পালন করেন। প্রশিক্ষণে ২৮জন বেকারি উদ্যোক্তা/প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে স্বাস্থ্যসম্মত পরিবেশ ও পদ্ধতি অবলম্বন করে নিরাপদ খাদ্য উৎপাদন ব্যবস্থাপনা সম্পর্কে ক্লাসরুম লেকচার ও ব্যবহারিক ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের ২টি কারখানা সরেজমিন পরিদর্শন করে এগচ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। এছাড়া নিরাপদ খাদ্য উৎপাদনে সরকার কর্তৃক নির্দেশিত বাধ্যতামূলক বিধি-বিধান ও নীতিমালা বিষয়ে ধারণা প্রদান করা হয়।

## সিরাজগঞ্জে ‘শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারের কারিগরি ও প্রযুক্তিগত আধুনিকায়ন’ কর্মশালা




২০-২১ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সিরাজগঞ্জের ‘শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারের কারিগরি ও প্রযুক্তিগত আধুনিকায়ন’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন শাহজাদপুর পৌরসভার প্যানেল মেয়র-০১ মো. তৌহিদুর রহমান (এ্যাপোলো) এবং বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও মেসার্স সাউদিয়া টেক্সটাইল মিলের প্রোপ্রাইটর হায়দার আলী। ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. তানভীর ফয়সালের সঞ্চালনায় কর্মশালায় সভাপতিত্ব করেন শাহজাদপুর উপজেলা তাঁত মালিক ও সহায়ক শক্তি বহুমুখী ক্লাস্টার সমবায় সমিতির সাংগঠনিক সম্পাদক মো. আব্দুল লতিফ। কর্মশালায় সেক্টর বিশেষজ্ঞ ছিলেন বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মো. জাওয়াদ ইবনে আমিন ও মো. মোতাকাব্বির হাসান তমাল এবং মো. হাবিবুল্লাহ সামসুদ্দিন, সেলস অ্যান্ড সার্ভিস ম্যানেজার, উইভিং, গ্রজ-বেকার্ট সিঙ্গাপুর পিটিই লি. বাংলাদেশ লিয়াজো অফিস এবং সায়েদ আব্দুল বাকী, নির্বাহী প্রকৌশলী, বিটাক। সেক্টর বিশেষজ্ঞগণ সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারে তাঁত, ডায়িং এবং ক্যালেন্ডারিং কারখানাসমূহ পরিদর্শন, প্রযুক্তিগত সমস্যা চিহ্নিতকরণ, অন-সাইট কারিগরি পরামর্শ প্রদান, এবং প্রযুক্তিগত উন্নয়নের সুপারিশ প্রদান করেন।



১৩-১৬ মার্চ ২০২৩ লেদার ক্রাফটস অ্যাসোসিয়েশনের উদ্যোক্তাদের জন্য চামড়াজাত পণ্যের চাহিদা, মান নিয়ন্ত্রণ ও কমপ্লায়েন্স নীতিমালা অনুসরণে করণীয় সম্পর্কে ধারণা প্রদানের উদ্দেশ্যে ‘কমপ্লায়েন্স ফ্যাক্টরি ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'পাটজাত পণ্য বর্ষ ২০২৩ সফল করতে করণীয় নির্ধারণ' মতবিনিময় সভা



৩০ জানুয়ারি ২০২৩ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'পাটজাত পণ্য বর্ষ-২০২৩' বাস্তবায়নে করণীয় নির্ধারণ করতে অংশীজনদের সাথে মতবিনিময় সভার আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানের সভাপতিত্বে সভায় পাট ও পাটজাত পণ্যের সাথে জড়িত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান এবং ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিগণ পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে পাট ও পাটজাত পণ্য নিয়ে স্বীয় কর্মপরিকল্পনা সফল করার আশাবাদ ব্যক্ত করেন। সভায় জানানো হয়, পাটকে বাংলাদেশের সোনালী আঁশ বলা হলেও সেভাবে মূল্যায়ন করা হয়নি বা অর্থনৈতিকভাবে কাজে লাগানো যায়নি। প্লাস্টিক বা কৃত্রিম তন্তু এসে পাটের ব্যবহারের ক্ষেত্রে কিছুটা বাধার সৃষ্টি করেছে। পাটজাত পণ্যের বাজার সৃষ্টি, পাট পণ্যের জন্য সরকারি সুযোগ-সুবিধা অর্জন ও পাটজাত পণ্য ব্যবহারে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রতিষ্ঠান ও চেম্বারের সাথে সম্মিলিতভাবে কাজ করবে। ড. মো. মফিজুর রহমান আরো জানান, এসএমই খাত সম্পর্কিত পাটজাত পণ্যের বৈচিত্রকরণ ও গ্রহণ যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে মেলার আয়োজন, প্রশিক্ষণের ট্রেনিং এর ব্যবস্থা করার গুরুত্ব তুলে ধরেন। পাটজাত পণ্যের দেশে ও বিদেশে মেলাতে প্রদর্শনী, স্থায়ী প্রদর্শনীর ব্যবস্থা, পাটজাত পণে উদ্যোক্তাদের রপ্তানিকারক হিসেবে তৈরি করা, পাটজাত পণ্যের বাজার সৃষ্টি ও সরকারি সুযোগ-সুবিধা অর্জন এবং পাটজাত পণ্য ব্যবহারে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রতিষ্ঠান ও চেম্বারের সাথে সম্মিলিতভাবে কাজ করবে। পণ্যের উদ্যোক্তাদের নেটওয়ার্কের আওতায় এনে পণ্যের বাজারজাতকরণে সর্বাত্মক সহযোগিতা করবে এসএমই ফাউন্ডেশন।'পাটজাত পণ্য বর্ষ ২০২৩' সফল করতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বিতভাবে কাজের সমন্বয় সাধনে একটি কমিটি গঠন করার প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয় সভায়।

## 'ক্লাস্টার উন্নয়ন' প্রশিক্ষণ

১০-১৪ জানুয়ারি ২০২৩ যশোরের নকশিকাঁথা শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৫-২৯ জানুয়ারি ২০২৩ পিরোজপুরের মৃৎশিল্প ক্লাস্টারে 'পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই ক্লাস্টারে সাধারণত সনাতন পদ্ধতিতে মাটির জিনিসপত্র উৎপাদন করা হয়। ব্যবস্থাপনা, বাজারজাতকরণ প্রক্রিয়া এবং ডিজাইনের আধুনিকীকরণ এবং পণ্যের গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত এই প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

২৬-৩০ জানুয়ারি ২০২৩ মানিকগঞ্জের সাটুরিয়ার তাঁত শিল্প ক্লাস্টারে 'তাঁতশিল্প পণ্যের ডিজাইন ও মানোন্নয়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। বিভিন্ন উপকরণের দাম বৃদ্ধি পাওয়ায় হস্তচালিত তাঁত শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। ঐতিহ্যবাহী এই তাঁত শিল্পের উন্নয়নে উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শারমিন আরা।

১৪-১৬ ফেব্রুয়ারি ২০২৩ মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'বিপণন কৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৩-২৭ ফেব্রুয়ারি ২০২৩ গাইবান্ধার গোবিন্দগঞ্জের হোসিয়ারি ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'হোসিয়ারি পণ্যের বৈচিত্র্যকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই ক্লাস্টারকে শতভাগ রপ্তানীমুখী করার জন্য দুই ধাপে 'ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

০৯-১৩ মার্চ ২০২৩ মণিপুরী তাঁত শিল্পের সাথে জড়িত উদ্যোক্তাদের নিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে 'মণিপুরী তাঁত পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৩০জন মণিপুরী নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

১৩-১৫ মার্চ ২০২৩ বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য 'বিপণন কৌশল ও ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বিপণন ব্যবস্থাপনা, পণ্য বিক্রয় কৌশল, মার্কেটিং প্ল্যান বিষয়ে ধারণা প্রদান করা হয়।

## জাতীয় শিল্পনীতি ২০২২ বাস্তবায়নে লক্ষ্যে 'Sensitization of National Industrial Policy 2022' কর্মশালা




৩০ মার্চ ২০২৩ 'জাতীয় শিল্পনীতি ২০২২' সম্পর্কে সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে সম্যক ধারণা প্রদানের পাশাপাশি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম ও পদক্ষেপ বাস্তবায়ন সহজীকরণের উপায় চিহ্নিত করার লক্ষ্যে অনলাইনে 'Sensitization of National Industrial Policy 2022' কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। সারা দেশের বিভিন্ন এসএমই অ্যাসোসিয়েশন/চেম্বারের প্রতিনিধি এবং উদ্যোক্তাদের অংশগ্রহণে কর্মশালায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদের সঞ্চালনায় কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। মূল প্রবন্ধে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. সলিম উল্লাহ জাতীয় শিল্পনীতি ২০২২-এর সারসংক্ষেপ উপস্থাপন করেন। তিনি জানান, ২০২৭ সালের মধ্যে জাতীয় আয়ে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীতকরণের মাধ্যমে সরকারের সামগ্রিক উন্নয়ন 'রূপকল্প ২০৪১' অর্জনের অভিলক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শিল্পনীতি ২০২২ প্রণয়ন করা হয়। জাতীয় শিল্পনীতি ২০২২ মন্ত্রিসভা কর্তৃক ১১ আগস্ট ২০২২ অনুমোদিত হয় এবং ২৯ সেপ্টেম্বর ২০২২ গেজেট আকারে প্রকাশিত হয়। এসএমই খাতের উন্নয়নে জাতীয় শিল্পনীতি ২০২২-এ যেসব সুযোগ সুবিধা ও নীতি সহায়তার কথা বলা হয়েছে, তার সর্বোচ্চ ব্যবহার করে উদ্যোক্তাগণ জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি ত্বরান্বিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। উল্লেখ্য, ঢাকার ও আশেপাশের সংশ্লিষ্ট বিভিন্ন অ্যাসোসিয়েশন/চেম্বারের প্রতিনিধি এবং উদ্যোক্তাদের নিয়ে ২৭ ডিসেম্বর ২০২২ এবং ২৮ ডিসেম্বর ২০২২ 'Sensitization of National Industrial Policy-2022' আরো দু'টি কর্মশালা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন।

## সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য 'ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' সরেজমিন পরিদর্শন



০৬ মার্চ ২০২৩ সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য 'ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' হিসেবে সেবা প্রদানকারী সিরাজগঞ্জের কামারখন্দের রায়দৌলতপুর ইউডিসি এবং শাহজাদপুর পৌরসভা ডিজিটাল সেন্টার সরেজমিন পরিদর্শন করে এসএমই ফাউন্ডেশন ও এটুআই প্রতিনিধিদল। প্রতিনিধি দলে ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা ও উপব্যবস্থাপক সাজু বড়ুয়া এবং এটুআই-এর ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট অশোক বিশ্বাস এবং হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া এক্সপার্ট মো. আব্দুল্লাহ-আল-যুবায়ের। মতবিনিময় সভায় কামারখন্দের রায়দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান এবং শাহজাদপুর পৌরসভা মেয়রসহ অন্যান্য জনপ্রতিনিধি অংশগ্রহণ করেন। উল্লেখ্য, দেশের ৮ হাজারের বেশি ইউনিয়ন/পৌরসভা ডিজিটাল সেন্টারকে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য 'ওয়ান স্টপ সেবা কেন্দ্র' হিসেবে গড়ে তুলতে কাজ করছে এসএমই ফাউন্ডেশন ও এটুআই। ইতোমধ্যে প্রাথমিকভাবে ৩০টি ডিজিটাল সেন্টারে এ উদ্যোগ বাস্তবায়নের জন্য পাইলট কর্মসূচি চলমান রয়েছে।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য

# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলের চাহিদার প্রেক্ষিতে নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। জানুয়ারি-মার্চ ২০২৩ উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত ৪৪টি প্রশিক্ষণে ১২৬২জন উদ্যোক্তা-প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উল্লেখযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

## 'দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ




৫-২৬ জানুয়ারি ২০২৩ ঢাকায় 'Analyze International Market of SME products using ITC tools' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে আইটিসি ট্রেড ম্যাপ ও মার্কেট অ্যাক্সে ম্যাপ ব্যবহারের মাধ্যমে এসএমই পণ্যের আন্তর্জাতিক বাজার নির্বাচন বিষয়ে ধারণা প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

১৫-১৯ জানুয়ারি ২০২৩ দেশের সম্ভাবনাময় শিক্ষিত তরুণ-তরুণীদের বিনিয়োগ-সংক্রান্ত ধারণা দিতে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২১-২৬ জানুয়ারি ২০২৩ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ কক্ষে 'Working with Fashion Design (Phase-I)' প্রশিক্ষণ আয়োজন করা হয়। রিসোর্স পার্সন ছিলেন চন্দ্র শেখর সাহা। প্রশিক্ষণে ৩২জন উদ্যোক্তা একটি করে পোর্টফোলিও তৈরি করে পোশাক ডিজাইনের ক্ষেত্রে পোশাকের কালার, ইলাস্ট্রেশন, সারফেস অর্নামেন্টেশন, মার্কেট স্টাডি বিষয়ে দক্ষতা অর্জন করেন। উল্লেখ্য, ফ্যাশন ডিজাইন খাতে জড়িত বাংলাদেশের এসএমই উদ্যোক্তাদের পোশাকে নান্দনিকতা ও শৈল্পিকতা তুলে ধরার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের এই উদ্যোগ। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

২২-২৬ জানুয়ারি ২০২৩ 'বহুমুখী পাটজাত পণ্য তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। পাটের আঁশ হতে ট্রাভেল ব্যাগ, লেডিস ব্যাগ, খেলনা, শো-পিস, ওয়াল ম্যাট, আলপনা, নকশিকাঁথা, জুতা, পর্দা, কার্পেট, গহনা এবং গহনার বাক্সসহ দু'শর অধিক পণ্য তৈরি করা যায়।

১২-১৬ ফেব্রুয়ারি ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় বানী'জ একাডেমিতে আয়োজন করা হয় 'বেকারি পণ্য তৈরি' প্রশিক্ষণ। রিসোর্স পার্সন ছিলেন বানী'জ ক্রিয়েশন-এর স্বত্বাধিকারী তাহমিনা আহমেদ।

১২-১৬ ফেব্রুয়ারি ২০২৩ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'স্ক্রিন প্রিন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে স্ক্রিন প্রিন্টের মৌলিক ধারণা, প্রয়োজনীয় উপকরণ, ফ্রেম তৈরির পদ্ধতি, কেমিক্যাল ও রঙ পরিচিতি, কালার প্রিন্ট করার পদ্ধতি সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারণা প্রদান করা হয়।

২৬-২৮ ফেব্রুয়ারি ২০২৩ ঢাকায় 'এক্সপোর্ট রেডিনেস ফর এসএমইজ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ১০ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০২২-এ অংশগ্রহণকারী সম্ভাবনাময় রপ্তানি পণ্যের উদ্যোক্তা/প্রতিষ্ঠান প্রতিনিধিসহ ৩২জন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে আন্তর্জাতিক বাজার গবেষণা ও বিশ্লেষণ, রপ্তানিযোগ্য পণ্য নির্বাচন, এক্সপোর্ট শিপিং ডকুমেন্টস, রপ্তানি সংক্রান্ত ব্যাংকিং, রপ্তানি পদ্ধতি বিষয়ে ধারণা প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

২৭-৩০ মার্চ ২০২৩ ঢাকায় 'Business Management' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

২৯ মার্চ-০২ এপ্রিল ২০২৩ মাগুরার ঋষিদাস (দলিত) সম্প্রদায়ের উদ্যোক্তাদের জন্য 'বহুমুখী বাঁশ-বেত পণ্য প্রশিক্ষণ আয়োজন করা হয়। মাগুরার বুনাগাতি, শালিখা এলাকায় বসবাসকারী ঋষিদাস (দলিত) সম্প্রদায়ের অনেক পরিবার বাঁশ ও বেত পণ্য তৈরি করেন। তাঁদের উৎপাদিত পণ্যের বৈচিত্র্য ও গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

তৃতীয় লিঙ্গের সদস্যদের জন্য ২৬ ফেব্রুয়ারি-০২ মার্চ ২০২৩ জামালপুরে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে তৃতীয় লিঙ্গের ৩০জন সদস্যকে ত্বকের যত্ন ও রূপচর্চা বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারণা প্রদান করা হয়।

১৫-১৬ ফেব্রুয়ারি ২০২৩ ময়মনসিংহ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় ময়মনসিংহে 'ফাইনান্সিয়াল লিটারেসি ফর এসএমই অন্ট্রাপ্রিনিউরস' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

২২-২৩ মার্চ ২০২৩ যশোর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্টি'র সহযোগিতায় যশোরে 'ফাইনান্সিয়াল লিটারেসি ফর এসএমই অন্ট্রাপ্রিনিউরস' প্রশিক্ষণে ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ট্রেডবডি/চেম্বার/অ্যাসোসিয়েশনের সহযোগিতায় প্রশিক্ষণ

উদ্যোক্তা/ট্রেডবডি/অ্যাসোসিয়েশন/চেম্বার/স্টেকহোল্ডারদের দক্ষতা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে জানুয়ারি-মার্চ ২০২৩ নীলফামারী, নাটোর, নেত্রকোনা, চট্টগ্রাম, বাগেরহাট, যশোর, কিশোরগঞ্জ, মাদারীপুর, খুলনা, নারায়ণগঞ্জ, বরিশাল, ঠাকুরগাঁও ও দিনাজপুরে আয়োজিত ১৬টি প্রশিক্ষণে ৪৮৫ জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। নিম্নে প্রশিক্ষণসমূহের তালিকা উল্লেখ করা হল :

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | সহযোগী প্রতিষ্ঠান | ভেন্যু | তারিখ |
|---|---|---|---|---|
| ১ | Diversified Jute Products & Marketing | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | নীলফামারী | ৮-১২ জানুয়ারি ২০২৩ |
| ২ | Business Plan & Accounting | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | নাটোর | ১৫-১৯ জানুয়ারি ২০২৩ |
| ৩ | Fast Food Preparation & Marketing | উইমেন এন্টারপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) | নেত্রকোনা | ১৫-১৯ জানুয়ারি ২০২৩ |
| ৪ | Block Batik & Hand Paint | চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) | চট্টগ্রাম | ২২-২৬ জানুয়ারি ২০২৩ |
| ৫ | How to Start a New Business | তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস) | বাগেরহাট | ২৪-২৮ জানুয়ারি ২০২৩ |
| ৬ | Beautification & Parlor Management | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিইসিসিআই) | যশোর | ২৬-৩০ জানুয়ারি ২০২৩ |
| ৭ | New Business Creation | উইমেন এন্টারপ্রিনিয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) | যশোর | ৫-৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| ৮ | Business Management | কিশোরগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | কিশোরগঞ্জ | ৫-৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| ৯ | Diversified Jute Products & Marketing | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | মাদারীপুর | ১২-১৬ ফেব্রুয়ারি ২০২৩ |
| ১০ | Basic Beautification | চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) | চট্টগ্রাম | ১৬-২০ ফেব্রুয়ারি ২০২৩ |
| ১১ | Diversified Jute Products & Marketing | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | খুলনা | ১৯-২৩ ফেব্রুয়ারি ২০২৩ |
| ১২ | How to Start a New Business & Entrepreneurship Development | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | নারায়ণগঞ্জ | ১২-১৬ মার্চ ২০২৩ |
| ১৩ | Screen Print & Hand Paint | চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) | চট্টগ্রাম | ১২-১৬ মার্চ ২০২৩ |
| ১৪ | A Variety of Sweets Preparation | বরিশাল উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | বরিশাল | ১৪-১৮ মার্চ ২০২৩ |
| ১৫ | Natural Dyeing | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিইসিসিআই) | ঠাকুরগাঁও | ১৭-২১ মার্চ ২০২৩ |
| ১৬ | Diversified Jute Products & Marketing | জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব) | দিনাজপুর | ১৮-২২ মার্চ ২০২৩ |

# এসএমই ফাউন্ডেশনের ১৭তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে ১৭তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ

কোভিড-১৯ সত্ত্বেও গত অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের কর্মসূচির সরাসরি সুবিধাভোগী প্রায় ১২ হাজার ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, যা আগের অর্থবছরের চেয়ে প্রায় সাড়ে ৩ হাজার বেশি। এছাড়া করোনাভাইরাসের ক্ষতি কাটিয়ে উঠতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের মাঝে সরকারের প্রণোদনা প্যাকেজের ৩০০ কোটি টাকার ঋণ বিতরণ শেষে প্রত্যাবর্তনকৃত অর্থে গঠন করা 'রিভলভিং তহবিল' থেকে ঋণ বিতরণ চলছে। এসএমই ফাউন্ডেশনের ১৭তম বার্ষিক সাধারণ সভায় এসব তথ্য জানিয়েছেন চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। তিনি আরো বলেন, করোনাভাইরাসের কারণে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে আরো অর্থ প্রয়োজন। ১২ মার্চ ২০২৩, রবিবার রাজধানীর সিরডাপ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসএমই ফাউন্ডেশনের ১৭তম বার্ষিক সাধারণ সভায় পরিচালক পর্ষদ এবং সাধারণ পর্ষদের সদস্যদের কাছে ২০২১-২২ অর্থবছরের বাস্তবায়িত কর্মসূচির ওপর বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। তিনি জানান, ২০২১-২২ অর্থবছরে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য সরকারের প্রণোদনা প্যাকেজের ঋণ বিতরণ, পণ্য বাজারজাতকরণ, দক্ষতা উন্নয়ন এবং দেশে ও বিদেশে উৎপাদিত পণ্যের বাজার সম্প্রসারণ সংক্রান্ত এসএমই ফাউন্ডেশনের নানামুখী কার্যক্রমের সরাসরি সুবিধা পেয়েছেন ১১ হাজার ৮৮০জন উদ্যোক্তা। এর মধ্যে নারী-উদ্যোক্তা ৫৬৫২জন, পুরুষ উদ্যোক্তা ৬২২৮জন। ড. মো. মফিজুর রহমান আরো বলেন, ২০২১-২২ অর্থবছরে ৯ম জাতীয় এসএমই পণ্য মেলা, রংপুর, খুলনা, ময়মনসিংহ-৩টি বিভাগে বিভাগীয় এসএমই পণ্য মেলা এবং ৪র্থ হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল ২০২২ আয়োজনের পাশাপাশি নেপালে আন্তর্জাতিক মেলায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অংশগ্রহণে সহায়তা করে এসএমই ফাউন্ডেশন, যা উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এছাড়া আন্তর্জাতিক এমএসএমই দিবস উদযাপন, ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন, জাতীয় রাজস্ব বোর্ডে এসএমইবান্ধব বাজেট প্রস্তাব উত্থাপনসহ এসএমই খাতের উন্নয়নে গবেষণা, প্রশিক্ষণসহ নানা উদ্যোগ গ্রহণ করে ফাউন্ডেশন।

পরিচালক পর্ষদের প্রতিবেদনের ওপর মতামত ও সুপারিশ প্রদান করেন সাধারণ পর্ষদের সদস্যরা। তারা বলেন, করোনাভাইরাসের কারণে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ক্ষতি কাটিয়ে উঠতে এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তবে আরো এসএমই উদ্যোক্তাকে এসব কর্মসূচির আওতায় আনতে এসএমই ফাউন্ডেশনের অনুকূলে অর্থ বরাদ্দেরও দাবি জানান তারা।

ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ২০২১-২২ অর্থবছরে এসএমই ফাউন্ডেশনের কার্যক্রমের ওপর পরিচালক পর্ষদের প্রতিবেদন উপস্থাপন ও গ্রহণ, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন অনুমোদন এবং ২০২৩-২৪ অর্থবছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়। ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদ এবং সাধারণ পরিষদের সদস্যবৃন্দ ১৭তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করেন।

## পার্বত্য অঞ্চলের নারী-উদ্যোক্তা উন্নয়নে বিশেষ কর্মসূচি

২১ মার্চ ২০২১ রাঙ্গামাটিতে পার্বত্য অঞ্চলের নারী-উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশন এবং ব্র্যাক ব্যাংকের উদ্যোগে বিশেষ কর্মসূচির যাত্রা শুরু হয়। এসএমই ফাউন্ডেশনের নারী উদ্যোক্তা উন্নয়ন উইং-এর তত্ত্বাবধানে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সেলিম আর এফ হুসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, ফাউন্ডেশনের পরিচালক এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মনোয়ারা হাকিম আলী, রাঙ্গামাটির অতিরিক্ত পুলিশ সুপার মারুফ আহমেদ এবং ব্র্যাক ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আব্দুল মোমেন। অনুষ্ঠানে পার্বত্য চট্টগ্রামের নারী-উদ্যোক্তা উন্নয়নে বিশেষ অবদানের জন্য মঞ্জুলিকা চাকমাকে সম্মাননা প্রদান করা হয়।




পার্বত্য অঞ্চলের নারী-উদ্যোক্তা উন্নয়নে বিশেষ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সেলিম আর এফ হুসেনসহ অতিথিবৃন্দ

## যুক্তরাষ্ট্রের 'NY NOW Winter Trade Show 2023'-এ ১৪ এসএমই প্রতিষ্ঠানের অংশগ্রহণ



০৫-০৮ ফেব্রুয়ারি ২০২৩ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের জাভিটস সেন্টারে NY NOW Winter Trade Show 2023-এ এসএমই ফাউন্ডেশন, USAID TFO Canada-এর সহায়তায় বাংলাদেশের পাটজাত পণ্য নিয়ে অংশগ্রহণ করে ১৪টি এসএমই প্রতিষ্ঠান। ০৫ ফেব্রুয়ারি ২০২৩ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ অ্যাম্বেসি'র মিনিস্টার (কমার্স) মো. সেলিম রেজা এবং ০৬ ফেব্রুয়ারি ২০২৩ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল ড. মোহাম্মদ মুনিরুল ইসলাম এবং কেমোনিক্স ইন্টারন্যাশনাল-এর চিফ অফ পার্টি ফিলিপ ডিকোস বাংলাদেশ প্যাভিলিয়ন 'Made in Bangladesh' পরিদর্শন করেন। ট্রেড শো'তে যুক্তরাষ্ট্রের ক্রেতাদের কাছ থেকে বাংলাদেশের এসএমই উদ্যোক্তাগণ ২ লাখ ৫০ হাজার ডলারের পণ্যের অর্ডার পেয়েছেন। ২৫ জানুয়ারি ২০২৩ ঢাকায় এসএমই ফাউন্ডেশন, TFO Canada এবং USAID-এর সহায়তায় যুক্তরাষ্ট্রগামী উদ্যোক্তাদের নিয়ে সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, বাংলাদেশে কানাডার হাইকমিশনার Lilly Nicholls, USAID-এর Acting Office Director, Economic Growth Office Joseph Lessard এবং যুক্তরাষ্ট্রগামী উদ্যোক্তাগণ।

সম্পাদনা পরিষদ: সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক; মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd